



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৫ ফেব্রুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বাঘাইছড়িতে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা ও প্রতিবাদ

রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার বঙ্গলতলীতে গতকাল শনিবার (২৪ ফেব্রুয়ারি ২০২৪) রাতে রাষ্ট্রীয় বাহিনীর মদদপুষ্ট ঠ্যাঙাড়ে (নব্যমুখোশ) সন্ত্রাসীরা নিপন চাকমা (৩৫) নামে ইউপিডিএফের এক সদস্যকে গুলি করে হত্যা করে।

নিহত নিপন চাকমা বাঘাইছড়ির পশ্চিম বালুখালী গ্রামের কমলা কান্তি চাকমার ছেলে।

ইউপিডিএফের বাঘাইছড়ি ইউনিটের সংগঠক অক্ষয় চাকমা আজ রবিবার (২৫ ফেব্রুয়ারি) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে উক্ত হত্যাকাণ্ডের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, গতকাল রাত সাড়ে ৯ টার সময় একদল সশস্ত্র ঠ্যাঙাড়ে সন্ত্রাসী মোটর সাইকেলযোগে বঙ্গলতলীতে এসে ইউপিডিএফ সদস্য নিপন চাকমার ওপর গুলি চালায়। এতে ঘটনাস্থলে তিনি মারা যান।

বিবৃতিতে তিনি উক্ত হত্যাকাণ্ডের ঘটনাকে কাপুরুষোচিত ও ন্যাকারজনক উল্লেখ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে রাষ্ট্রীয় বাহিনীর মদদে ঠ্যাঙাড়ে সন্ত্রাসীরা একের পর এক হত্যাকাণ্ড সংঘটিত করলেও খুনিদের বিরুদ্ধে কোন পদক্ষেপ নেওয়া হচ্ছে না।

তিনি খুনি-সন্ত্রাসীদের আশ্রয়-প্রশ্রয়ে রেখে খুন-খারাবিতে লেলিয়ে দিয়ে পার্বত্য চট্টগ্রামে অস্থিতিশীল পরিস্থিতি জিইয়ে রাখতে শাসকগোষ্ঠী মরিয়া প্রচেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ করেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা অবিলম্বে নিপন চাকমার খুনিদের আইনের আওতায় এনে বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি এবং ঠ্যাঙাড়ে সন্ত্রাস বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।